দৈনিক ইনকিলাব

তারিখ OCT. 09 2006
পৃষ্ঠা 7 কলাম ৩

*প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে স্মারকলি*

# নন এমপিও শিক্ষা প্রতিষ্ঠা শিক্ষক-কর্মচারীদের ২ দি আল্টিমেটাম

স্টাফ রিপোর্টার ঃ নন এমপিও শি কর্মচারী ঐক্যজোটের সভা গত শ কেন্দ্রীয় শহীদ মিনার ঢাকায় অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন, নন-এম শিক্ষক কর্মচারী ঐক্যজোট আহ্বায়ক ইব্রাহীম খলিল। বক্তব্য রাখেন কেন্দ্রীয় এস এম আশরাফ উদ্দিন ভূইয়া (সা অধ্যক্ষ এশারত আলীম, মাওঃ জসিম উ ভূইয়া, অধ্যক্ষ আঃ শাকুর, প্রধান শি মোঃ শহিদুর রহমান, মোঃ ফরিদ উ মাওলানা হারুনুর রশিদ, জাহাঙ্গীর কানন প্রমুখ এবং বিভিন্ন জেলা থেকে জেলার প্রতিনিধিগণ বক্তব্য রাখেন। বক্তারা বলেন, জাতি গঠনে শিক্ষ ভূমিকা অপরিসীম। সরকার যদিও শি মান উন্নয়নে যথেষ্ট ভূমিকা রেখেছে কিন্তু চার বছর যাবত প্রায় পাঁচ হাজার প্রতিষ্ঠান এমপিওভুক্তি না করায় শিক্ষার্থী বিরাট একটি অংশ অন্ধকারে নিমজ্জিত যাচ্ছে। বক্তারা বলেন, নন এমপিও প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীরা তাদের অ পরিশ্রমের বিনিময়ে শিক্ষার ধারা অব রেখেছে। কেউ কেউ আট-নয় বছর বেতনে শ্রম দিচ্ছে। স্ত্রী, পুত্র, কন্যা তারা আজ মানবেতর জীবনযাপন কর সরকারের বিভিন্ন কর্মসূচীতে উন্ন ধারাবাহিকতা অব্যাহত রেখেছে অথচ সকল প্রতিষ্ঠানে এমপিওভুক্তি করা না শিক্ষার গতিধারা অধিকাংশ ব্যাহত হচ্ছে নেতৃবৃন্দ আরো বলেন, আগামী দুই দি মধ্যে সরকার যদি এমপিওভুক্তির ঘোষ দেয়। তবে আমরা আমরণ অ কর্মসূচীসহ কঠোর কর্মসূচী নিতে হবো। আলোচনা শেষে সংগঠনের নেতৃবৃন্দ প্রধানমন্ত্রী ও মাননীয় শিক্ষা বরাবরে স্মারকলিপি পেশ করেছে।